



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)

## বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর ১৬/০৩/২০২৬ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৪১ এর জারিকৃত পরিপত্রে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এডহক কমিটি গঠনের বরিশাল শিক্ষাবোর্ডের ২৯.০৩.২০২৬খ্রি. বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্ত বিষয়গুলো সতর্কতার সাথে অনুসরণ করার অনুরোধ করা হলো।

১। কোনো প্রতিষ্ঠান এডহক কমিটির অনুমতিপত্র যে তারিখে পাবে, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক অভিভাবক সদস্য, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক শিক্ষক প্রতিনিধি এবং বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক কর্তৃক প্রদেয় ৩ জন সভাপতির নামের তালিকার পত্র সেই তারিখের পরের যে কোনো তারিখ হতে হবে।

যেমন:-একটি প্রতিষ্ঠান এডহক কমিটির অনুমতিপত্র পেয়েছে ১০/০৪/২০২৬ সেক্ষেত্রে এই তারিখের আগে অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধি বা সভাপতির নামের তালিকার অনুমোদনকৃত কোনো পত্র গ্রহণ করা হবে না।

২। অনলাইনে এডহক কমিটি সাবমিট করার সময় নিম্নোক্ত এটাচমেন্টগুলো pdf করে সঠিকভাবে দিতে হবে। সভাপতির ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক কর্তৃক পত্র এবং প্রস্তাবিত সভাপতিবৃন্দের স্নাতক পাশের সনদপত্র দিতে হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত অভিভাবক  
সদস্যের নামের পত্র :

Browse...

জেলা শিক্ষা অফিসার কর্তৃক শিক্ষক সদস্যের নামের পত্র  
:

Browse...

প্রস্তাবিত সভাপতির নামের বিভাগীয় কমিশনার/জেলা  
প্রশাসক এর পত্র :

Browse...

৩। অনলাইনে যে কোনো আবেদনের সময় আবেদনের শেষে 'প্রধান শিক্ষক' এর নিচে বিদ্যালয়ের নাম (EIIN) সহ, উপজেলা, জেলা, প্রধান শিক্ষকের মোবাইল নাম্বার লিখতে হবে। কারণ বিদ্যালয় কর্তৃক এই লেখাটাই যেকোনো পত্রের প্রেরক হিসেবে যায়। সুতরাং এখানে ভুল/অসম্পূর্ণ হলে প্রেরকের ঠিকানাও ভুল/অসম্পূর্ণ হবে।

নিম্নোক্তভাবে লিখতে হবে:

প্রধান শিক্ষক

পানপাট মাধ্যমিক বিদ্যালয় (১০২২৪২)

গলাচিপা, পটুয়াখালী।

মোবাইল নাম্বার: (EIIN ভিত্তিক নাম্বার ছাড়া অন্য এক্ষিভ নাম্বার)

৪। যে সকল বিদ্যালয় EIIN ভিত্তিক মোবাইল নাম্বার ব্যবহার করে না সে সকল বিদ্যালয়কে আগামী ১ মাসের মধ্যে EIIN ভিত্তিক মোবাইল নাম্বার চালু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭.০৫.২৬

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল